## Course Outcomes (CO) and Programme Outcomes (PO) of 3 Year B.A. in Bengali under CBCS

## Year of Introduction: 2019

## Course Outcomes (CO)

বাংলা আমাদের রাজ্যের মাতৃভাষা এবং এই ভাষা ও সংস্কৃতির ইতিহাস সহস্রাধিক বছরের ঐতিহ্যে পরিপূর্ণ। এই পাঠক্রমের মাধ্যমে বাংলা ভাষা ও বাঙালি সংস্কৃতির বিভিন্ন দিকগুলিকে অনুপুঙ্খভাবে অধ্যয়ন করা যেমন সম্ভব হবে, তেমন অপরাপর ভাষা-সংস্কৃতির সঙ্গে সংযোগের ফলে বাংলা ভাষা ও সাহিত্যের আজকের রূপটি কীভাবে গড়ে উঠল তাও জানা সম্ভব হবে। পাশাপাশি শিক্ষার্থীরা এই পাঠক্রমের দ্বারা লিখন ও ব্যবহারিক দক্ষতাও অর্জন করতে পারবে। এই লক্ষ্যে CBCS পদ্ধতিতে বাংলা ভাষা ও সাহিত্য বিষয়ক কোর্সগুলি কয়েকটি শ্রেণিতে বিভক্ত করা হয়েছে, যথা— Discipline Centric Core Course (CC), Discipline Specific Elective (DSE), Skill Enhancement Course (SEC), Ability Enhancement Course (AECC), Generic Elective (GE).

**1. Discipline Centric Core Courses (CC)**

**Semester-1**

**BNGUGCC01**

**বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাগাধুনিক যুগ)**

এই কোর্সের মাধ্যমে শিক্ষার্থীরা প্রাক্-প্রাচীন ও প্রাচীন যুগের বঙ্গসংস্কৃতি, বাংলা সাহিত্যের ইতিহাসের যুগবিভাগ এবং প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্যের বিভিন্ন শাখা সম্পর্কে ঐতিহাসিক দৃষ্টিভঙ্গিতে জ্ঞান অর্জন করতে পারবে।

**BNGUGCC02**

**ভাষাবিজ্ঞান ও বাংলা ভাষা**

যে-কোনো ভাষার সাহিত্য সম্পর্কে জানতে গেলে সেই ভাষা সম্পর্কে ন্যূনতম জ্ঞান আবশ্যক। এই কোর্সের মাধ্যমে শিক্ষার্থীরা বাংলা ভাষার উৎস ও ক্রমবিবর্তন সম্পর্কে জানতে সক্ষম হবে। এছাড়াও বাংলা ভাষার ধ্বনিতত্ত্ব, রূপতত্ত্ব, উপভাষা, শব্দার্থতত্ত্ব, আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালা প্রভৃতি সম্পর্কে প্রাথমিক ধারণা লাভ করতে পারবে।

**Semester-2**

**BNGUGCC03**

## বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ)

এই কোর্সের লক্ষ্য ঔপনিবেশিক আধুনিকতার অভিঘাতে কীভাবে প্রাগাধুনিক সাহিত্যের বিষয় এবং আঙ্গিক বদলে গেল তা অনুধাবন করা। এর ফলে শিক্ষার্থীদের সাহিত্যের ঐতিহাসিক ও ভৌগোলিক প্রেক্ষাপট সম্পর্কে ধারণা তৈরি হবে এবং তারা সংস্কৃতির সঙ্গে সাহিত্যের যোগসূত্র বুঝতে পারবে। মুদ্রণ সংস্কৃতি প্রচলনের যুগে বাংলায় যে সংরূপগুলি গড়ে উঠেছে, যেমন— গদ্য ও প্রবন্ধসাহিত্য, উপন্যাস, ছোটোগল্প, গীতিকবিতা, সাহিত্যিক মহাকাব্য, নাটক সেগুলির সাম্প্রতিক সময় পর্যন্ত গতিপ্রকৃতি এখানে জ্ঞাপন করা হবে।

**BNGUGCC04**

## ছন্দ ও অলংকার

এই কোর্সটি সুনির্দিষ্ট পদ্ধতিগত কিছু বিষয়কে শিক্ষার্থীদের সামনে উপস্থাপন করছে। এর মাধ্যমে ছাত্রছাত্রীরা কাব্য তথা সাহিত্যের ছন্দ ও অলঙ্কার সম্পর্কে ধারণা লাভ করবে, তাদের বিশ্লেষণী ক্ষমতা বৃদ্ধি পাবে, ভাষাতাত্ত্বিক ও নন্দনতাত্ত্বিক বোধ তৈরি হবে।

**Semester-3**

**BNGUGCC05**

## প্রাগাধুনিক বাংলা সাহিত্য পাঠ

এই কোর্সে প্রাগাধুনিক বাংলা সাহিত্যের কয়েকটি নির্বাচিত টেক্সট গভীরভাবে অনুধ্যান করা হবে, যথা— বৈষ্ণব পদাবলি, শাক্ত পদাবলি, চণ্ডীমঙ্গল ও সতীময়না-লোরচন্দ্রাণী। মধ্যযুগের বিভিন্ন সময় থেকে নির্বাচিত এই টেক্সটগুলির নিবিড় পাঠের মাধ্যমে শিক্ষার্থী তৎকালীন আর্থ-সামাজিক, সাংস্কৃতিক ও ধর্মীয় দৃষ্টিভঙ্গি সম্পর্কে সম্যক ধারণা অর্জন করতে পারবে।

**BNGUGCC06**

## সাহিত্য প্রকরণ

এই কোর্সের দ্বারা ছাত্রছাত্রীরা সাহিত্যের বিষয় ও প্রকরণের মধ্যকার সম্পর্কগুলি বুঝতে সক্ষম হবে। আধুনিক বাংলা সাহিত্যের মধ্যে কাব্য-কবিতা, নাটক, উপন্যাস, ছোটোগল্প, প্রবন্ধ ও গদ্যসাহিত্যের বিভিন্ন সংরূপ সম্পর্কে কেবল তারা জানবে তা-ই নয়, এখানে সংরূপগুলির উদ্ভবের পেছনে নিহিত ঔপনিবেশিকতা, সাংস্কৃতিক আধিপত্য ও বৈচিত্র্য, বিশ্বায়ন ইত্যাদি কারণগুলি সম্পর্কেও তাদের সম্যক ধারণা গড়ে উঠবে। নবোদ্ভূত সংরূপ এবং তাদের গঠনগত আঙ্গিক সম্পর্কেও তারা অবগত হবে।

**BNGUGCC07**

## কাব্য-কবিতা ১

আধুনিক বাংলা কাব্য-কবিতা ঔপনিবেশিক আধুনিকতার দ্বারা গভীরভাবে প্রভাবিত। উনিশ শতক থেকে শুরু করে স্বাধীনতা পূর্ববর্তী যুগের দুই প্রতিনিধিস্থানীয় কবি মাইকেল মধুসূদন দত্ত ও কাজি নজরুল ইসলাম-এর দুটি নির্বাচিত কাব্যগ্রন্থ ও রবীন্দ্রানুসারী এবং রবীন্দ্রবিরোধী কবিগোষ্ঠীর নির্বাচিত কিছু কবিতা এখানে পাঠ্য।

এঁদের কাব্য-কবিতা পাঠ করে শিক্ষার্থীরা বিভিন্ন কাব্যসংরূপ এবং বিষয়গত অভিনবত্বের দিক, ছন্দ-অলংকার-চিত্রকল্পজনিত কলানৈপুণ্য, কাব্যজগতে নবনিরীক্ষার প্রবণতা প্রভৃতির পরিচয় লাভ করবে।

## Semester-4

**BNGUGCC08**

### গদ্য ও প্রবন্ধ পাঠ

এই কোর্সটি শিক্ষার্থীদের যুক্তিক্রম, ভাষ্য, ব্যক্তিনিষ্ঠ ও বস্তুনিষ্ঠ চিন্তাচেতনার প্রকাশ হিসেবে বাংলা গদ্যের উদ্ভব ও ক্রমবিকাশের ধারাটিকে জানতে সাহায্য করবে। উনিশ শতকের মধ্যভাগ থেকে স্বাধীনতা-পূর্ব সময় পর্যন্ত গদ্যসাহিত্যের ফর্ম নিয়ে বিবিধ পরীক্ষা-নিরীক্ষা ও চিন্তকদের মানস-প্রবণতা সম্পর্কে তাদের বোধ গড়ে উঠবে।

**BNGUGCC09**

### নাটক পাঠ

উনিশ বিশ শতকের তিনটি গুরুত্বপূর্ণ নাটকের টেক্সট এই কোর্সে শিক্ষার্থীদের পাঠ্য। ‘একেই কি বলে সভ্যতা?’, ‘জমীদার দর্পণ’ **ও** ‘ছেঁড়া তার’ নাটক তিনটিতে ছাত্রছাত্রীরা নাটক-প্রহসনের বিভিন্ন আঙ্গিকগুলির সঙ্গে প্রত্যক্ষত পরিচিত যেমন হবে, তেমন তৎকালীন সামাজিক-রাজনৈতিক-সাংস্কৃতিক দিকগুলিকেও চিহ্নিত করতে পারবে।

**BNGUGCC10**

### কাব্য-কবিতা ২

পাশ্চাত্য সংস্কৃতির অভিঘাতে উনিশ শতকের বাংলা কবিতা আত্মস্থ করেছিল মূলত আঙ্গিকগত নতুনত্ব। প্রথম বিশ্বযুদ্ধোত্তর কালে বাংলা কবিতায় এসে লাগল সমকালীন বৈশ্বিক মননশীলতার ঢেউ। বিশ শতকের তৃতীয় দশক থেকে শুরু করে পঞ্চম-ষষ্ঠ দশক পর্যন্ত বিস্তৃত বাংলা কবিতার উল্লেখনীয় কবি ও কবিতার নিবিড় পাঠ শিক্ষার্থীকে যেমন দেবে সংস্কৃতিগত বিকাশের ধারা তেমন জাগাবে সাহিত্যের স্বাদ। এর সঙ্গে যুক্ত হবে কবিতার শৈলীগত বিশ্লেষণের দক্ষতা।

## Semester-5

**BNGUGCC11**

### রবীন্দ্রসাহিত্য

রবীন্দ্রনাথ বাংলা সাহিত্যের এক অনন্য বহুমুখী প্রতিভা। শিক্ষার্থীরা এখানে তাঁর কবিতা ও ছোটোগল্পের বিপুল সম্ভার থেকে নির্বাচিত কিছু রচনা ও একটি নাটক পাঠ করবে প্রেক্ষাপট-সহ। তাঁর চিন্তনের ঐশ্বর্য এবং প্রকরণগত নবনিরীক্ষা সম্পর্কেও শিক্ষার্থীরা সংক্ষিপ্ত ধারণা লাভ করবে।

**BNGUGCC12**

### উপন্যাস পাঠ

এই কোর্সের মাধ্যমে উপন্যাসের বিভিন্ন বৈশিষ্ট্য ও আঙ্গিক সম্পর্কে শিক্ষার্থীদের প্রত্যক্ষ জ্ঞান নির্মিত হবে। এখানে পড়ানো হবে বাংলা উপন্যাসের স্রষ্টা বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় এবং বিশ শতকের দুই প্রথিতযশা ঔপন্যাসিক তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় **ও** মানিক বন্দ্যোপাধ্যায়-এর একটি করে উপন্যাস। উপন্যাস নির্বাচনের ক্ষেত্রে সামাজিক উপন্যাস, রাজনৈতিক উপন্যাস ও আঞ্চলিক উপন্যাসের ত্রিবিধ বৈচিত্র্যকে বিশ্লেষণী পাঠের ক্ষেত্রে আনবার চেষ্টা করা হয়েছে। উনিশ বিশ শতকের সামাজিক-রাজনৈতিক ঘটনাবলি, ব্যক্তি ও সমাজের দ্বন্দ্ব, মনস্তাত্ত্বিক দিক,

আর্থ-সামাজিক পরিস্থিতিতে মানুষের অসহায়তা, পরিবেশগত ভাবনা, তৎকালীন সমাজে নারীর অবস্থান, আর্থ-সামাজিক ও রাজনৈতিক পরিসরে মানুষের অস্তিত্ব রক্ষার সংগ্রাম ইত্যাদি সম্পর্কে ছাত্রছাত্রীদের বোধ জাগ্রত হবে।

**Semester-6**

**BNGUGCC13**

### ছোটোগল্প পাঠ

বাংলা ছোটোগল্পের বিস্তীর্ণ ধারায় উনিশ-বিশ শতকের একাধিক লেখকের নির্বাচিত কিছু ছোটোগল্প অনুধ্যানের মাধ্যমে ছাত্রছাত্রীদের ভাষাগত বিবর্তন, সামাজিক পরিবর্তন ও জীবনদর্শন সম্পর্কে বোধ গড়ে উঠবে।

**BNGUGCC14**

### সাহিত্যতত্ত্ব ও অ-বাংলা ভাষার সাহিত্যের ইতিহাস

সাহিত্য ও সাহিত্যতত্ত্ব অঙ্গাঙ্গী সম্পর্কযুক্ত। সাহিত্যতত্ত্বকে বলা যেতে পারে সাহিত্যের দর্শন অংশ। এই কোর্সে ভারতীয় সাহিত্যতত্ত্বের ঐতিহ্যশালী ধারণা ও সাহিত্য সম্পর্কে রবীন্দ্রনাথের তাত্ত্বিক দৃষ্টিভঙ্গির সঙ্গে পরিচিত হবে শিক্ষার্থীরা।

বাংলা সাহিত্য তার পারিপার্শ্বিক অপরাপর ভাষার থেকে বিচ্ছিন্ন নয়। ভাষা ও সাহিত্যের ধারণা প্রকৃতপক্ষে সংস্কৃতি সম্পর্কে ঐতিহাসিক ও ভৌগোলিক মাত্রায় বিস্তৃত। এই কোর্সে শিক্ষার্থীরা সংস্কৃত, হিন্দি ও ইংরেজি সাহিত্যের সংক্ষিপ্ত ইতিহাস সম্পর্কে অবগত হবে, কেননা বাংলা ভাষা ও সাহিত্যের সঙ্গে এই ভাষাগুলির সাহিত্যের নিবিড় যোগ। ফলে এগুলি সম্পর্কে ন্যূনতম জ্ঞান আহৃত না হলে বাংলা সাহিত্যের পাঠ অসম্পূর্ণ।

**2. Discipline Specific Elective (DSE)**

**Elective-A**

**BNGUGDS01**

### লোকসংস্কৃতি ও বাঙালি সংস্কৃতি

লোকসংস্কৃতি আমাদের জাতিসত্তার সঙ্গে জড়িত। এই কোর্সে লোকসংস্কৃতি, লোকসাহিত্য ও মৌখিক পরম্পরার সাধারণ পরিচয় ব্যক্ত হবে। পাশাপাশি বাঙালির লোকায়ত সংগীত ও নৃত্য, মৃৎশিল্প, স্থাপত্য, চিত্রকলা, খাদ্য-সংস্কৃতি সম্পর্কে বিশ্লেষণাত্মক ধারণা গড়ে উঠবে। ঔপনিবেশিক আধুনিকতার অভিঘাতে বিবর্তিত বাঙালি সংস্কৃতি সম্পর্কেও জ্ঞান অর্জিত হবে।

**BNGUGDS02**

### বাংলাদেশের সাহিত্য

সাতচল্লিশ পূর্ববর্তী সময়ে বাংলা সাহিত্যের অখণ্ড সত্তা বিভাজিত হয়েছে দেশভাগের মতো রাজনৈতিক পরিস্থিতিতে। পূর্ববঙ্গ ও বাংলাদেশের সাহিত্য সম্পর্কে অবগত না হলে বাংলা সাহিত্য সম্পর্কে সামগ্রিক ধারণা আংশিকতা দোষে দুষ্ট হবে। এই অভিপ্রায়ে এই কোর্সে পূর্ববঙ্গ ও বাংলাদেশের রাজনৈতিক-সাংস্কৃতিক পরিচয় প্রদান করে ওপার বঙ্গের নির্বাচিত কবিতা, নাটক ও ছোটোগল্প পড়ানো হবে। এর ফলে শিক্ষার্থীরা ভিন্ন দেশের রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক পটভূমিতে বাংলা সাহিত্যের আস্বাদ লাভ করতে সক্ষম হবে।

Semester-6

**BNGUGDS03**

## দেশভাগ ও বাংলা সাহিত্য

এই কোর্সটি ছাত্রছাত্রীদের প্রদান করবে ১৯৪৭-এর দেশভাগ সম্পর্কে ঐতিহাসিক ও সাহিত্যগত ধারণা। দেশভাগের প্রেক্ষাপট ও যন্ত্রণাময় বাস্তবতা ইতিহাসে চিহ্নিত আছে ঠিকই, কিন্তু সেখানে তথ্যের সারিতে সাধারণ মানুষের অনুভব উপেক্ষিত। সাহিত্য স্থান দিয়েছে দেশভাগের অভিঘাতে প্রপীড়িত অগণিত মানুষের অনুভব ও অভিজ্ঞতাকে। এই কোর্সে ছাত্রছাত্রীরা পাঠ করবে নির্বাচিত প্রাসঙ্গিক স্মৃতিকথা, উপন্যাসধর্মী রচনা, কবিতা ও ছোটোগল্প। এর মাধ্যমে তাদের সংবেদনশীলতা যেমন চর্চিত হবে তেমনই তারা অর্জন করতে পারবে ঐতিহাসিক ও ধর্মনিরপেক্ষ অসাম্প্রদায়িক দৃষ্টিভঙ্গি।

**BNGUGDS04**

## গবেষণাপত্র

এই কোর্সটিতে স্নাতক স্তরের ছাত্রছাত্রীদের তাদের উপযোগী করে মৌলিক গবেষণার উদ্দেশ্য ও তাৎপর্য, গবেষণার বিভিন্ন রীতিপদ্ধতি, সামগ্রিক কর্ম-পরিকল্পনা, গবেষণাপত্র নির্মাণ, গ্রন্থপঞ্জি নির্মাণ ইত্যাদি সম্পর্কে হাতে-কলমে শিক্ষা দেওয়া হবে। রিসার্চ মেথোডলজি সম্পর্কে তাদের প্রাথমিক ধারণা গড়ে উঠবে ও তার প্রায়োগিক দিক হিসেবে প্রত্যেক শিক্ষার্থী তাদের নির্বাচন করা Discipline Specific Elective (DSE) -এর সঙ্গে সম্পর্কযুক্ত কোনো বিষয় অবলম্বনে ক্ষুদ্র গবেষণা অভিসন্দর্ভ রচনা ও উপস্থাপন করবে। এর মাধ্যমে তাদের গবেষণামূলক মনোভাব উৎসাহিত হবে এবং উপস্থাপন পর্বে প্রশ্নোত্তরে সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে তাদের সংযোগক্ষমতা অনুশীলিত হবে।

**Elective-B**

Semester-5

**BNGUGDS01**

## শিশু-কিশোর সাহিত্য

এই কোর্সের মাধ্যমে শিক্ষার্থীরা শিশুসাহিত্য সম্পর্কে বিশ্লেষণাত্মক ও তাত্ত্বিক দৃষ্টিভঙ্গি অর্জন  করতে পারবে। বাংলা শিশু-কিশোর সাহিত্যের রূপরেখা ও সংরূপগুলি সম্পর্কে তাদের ধারণা তৈরি হবে। শিশু-কিশোর সাহিত্যে চরিত্রায়ণ, সামাজিক-সাংস্কৃতিক অবয়ব, লিঙ্গরূপ নির্মাণ প্রভৃতি বিষয়গুলি তাদের সামনে স্পষ্ট হয়ে উঠবে।

**BNGUGDS02**

## কল্পবিজ্ঞান ও অতিপ্রাকৃত কাহিনি

কল্পবিজ্ঞানের ঐতিহাসিক, সামাজিক, বৌদ্ধিক ও সাহিত্যিক দিকগুলি সম্পর্কে বিশ্লেষণী দক্ষতা অর্জিত হবে। কল্পবিজ্ঞান-সাহিত্যের বিভিন্ন সংরূপ ও উপ-সংরূপগুলি সম্পর্কে স্বচ্ছ ধারণা তৈরি হবে। সামাজিক প্রেক্ষিতে কল্পবিজ্ঞানের ইতিহাস সম্পর্কে সম্যক ধারণা গড়ে উঠবে। কল্পবিজ্ঞানের গল্প-উপন্যাসকে বিচার-বিশ্লেষণ করতে শিখবে শিক্ষার্থী। কোর্সের অপর অংশে আধুনিক বাংলা অতিপ্রাকৃত-অলৌকিক ও ভৌতিক কাহিনির ধারা

সম্পর্কে শিক্ষার্থীর জ্ঞান অর্জিত হবে। বাংলা সাহিত্যের মূলধারায় এই ধরনের জনপ্রিয় সংরূপগুলির আধিক্যের কারণ অনুসন্ধান করতে তারা সমর্থ হবে।

**Semester-6**

**BNGUGDS03**

**গোয়েন্দা-সাহিত্য ও অভিযান কাহিনি**

গোয়েন্দা-সাহিত্য ও অভিযান কাহিনি জনপ্রিয় সাহিত্যের দুটি সংরূপগত প্রকার। আপাত বিনোদনমূলক এই দুটি সংরূপের অন্তরালে নিহিত আছে সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক, বৌদ্ধিক ভাষ্যের নানা রূপ। এদের উদ্ভব, ক্রমবিকাশ ও জনপ্রিয়তার সুনির্দিষ্ট ঐতিহাসিক ক্রম আছে। শিক্ষার্থীরা এই কোর্সের মাধ্যমে এগুলি সম্পর্কে জানতে পারবে। পাশাপাশি গোয়েন্দা-সাহিত্য ও অভিযান কাহিনির গঠনগত বিশেষত্ব ও আখ্যানকৌশল সম্বন্ধে তাদের বিশ্লেষণাত্মক মনোভাব তৈরি হবে। বৃহত্তর অর্থে সামাজিক ও প্রশাসনিক ন্যায়নীতি সম্পর্কে মূল্যবোধ জাগ্রতকরণে সহায়ক হবে গোয়েন্দা সাহিত্যের পাঠ এবং প্রাগাধুনিক অভিযাত্রামূলক রোমান্স থেকে আধুনিক অ্যাডভেঞ্চার কাহিনির রূপান্তরের বিভিন্ন মাত্রা সম্পর্কে অবগত হবে শিক্ষার্থীরা।

**BNGUGDS04**

**গবেষণাপত্র**

এই কোর্সটিতে স্নাতক স্তরের ছাত্রছাত্রীদের তাদের উপযোগী করে মৌলিক গবেষণার উদ্দেশ্য ও তাৎপর্য, গবেষণার বিভিন্ন রীতিপদ্ধতি, সামগ্রিক কর্ম-পরিকল্পনা, গবেষণাপত্র নির্মাণ, গ্রন্থপঞ্জি নির্মাণ ইত্যাদি সম্পর্কে হাতে-কলমে শিক্ষা দেওয়া হবে। রিসার্চ মেথোডলজি সম্পর্কে তাদের প্রাথমিক ধারণা গড়ে উঠবে ও তার প্রায়োগিক দিক হিসেবে প্রত্যেক শিক্ষার্থী তাদের নির্বাচন করা Discipline Specific Elective (DSE) -এর সঙ্গে সম্পর্কযুক্ত কোনো বিষয় অবলম্বনে ক্ষুদ্র গবেষণা অভিসন্দর্ভ রচনা ও উপস্থাপন করবে। এর মাধ্যমে তাদের গবেষণামূলক মনোভাব উৎসাহিত হবে এবং উপস্থাপন পর্বে প্রশ্নোত্তরে সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে তাদের সংযোগক্ষমতা অনুশীলিত হবে।

**Elective- C**

**Semester-5**

**BNGUGDS01**

**চরিত ও জীবনী সাহিত্য**

চরিত, জীবনী ও আত্মজীবনী সাহিত্য-সংস্কৃতির একটি সুনির্দিষ্ট ধারা। ব্যক্তি, সময়, উদ্দেশ্য ভেদে চরিত, জীবনী ও আত্মজীবনীর মাত্রাগত পার্থক্য ঘটে। এই কোর্সে ছাত্রছাত্রীরা সূক্ষ্ম পার্থক্যযুক্ত এই প্রকরণগুলির ইতিবৃত্ত জানতে পারবে মধ্যযুগ থেকে আধুনিক যুগ পর্যন্ত সময়ের মাত্রায়। মধ্যযুগের সন্তচরিত, প্রথম বাংলা আত্মজীবনী, রবীন্দ্রনাথের আত্মস্মৃতিমূলক রচনা, চরিত নাটক পাঠের মাধ্যমে এই সংরূপটির বৈচিত্র্য সম্পর্কে তাদের ধারণা তৈরি হবে। এর সঙ্গে সংরূপটির আখ্যানকৌশল সম্পর্কে আধুনিক তত্ত্বাদির সঙ্গেও তাদের পরিচয় ঘটবে।

**BNGUGDS02**

**ভ্রমণ সাহিত্য**

ভ্রমণসাহিত্য পৃথিবীর সব ভাষার সাহিত্যেরই একটি গুরুত্বপূর্ণ ও জনপ্রিয় ধারা। এই ধারার সঙ্গে আধুনিক জীবন-সংস্কৃতির একটা যোগ আছে। ইউরোপে শিল্পবিপ্লবের পর উপনিবেশবাদী এষণা ভ্রমণসাহিত্য বিকাশের অন্যতম গুরুত্বপূর্ণ কারণ হলেও ভারতের মতো উপনিবিষ্ট একটি দেশে ভ্রমণসাহিত্য বিকাশলাভ করেছে ভিন্ন কারণে। এই কারণগুলিকে স্মরণে রেখে বাংলা ভ্রমণ সাহিত্যের রূপরেখা সম্পর্কে জ্ঞাত হবে শিক্ষার্থীরা ও তার সঙ্গে উনিশ-বিশ শতকের নির্বাচিত দুটি ভ্রমণমূলক রচনা অনুপুঙ্খ পাঠের মাধ্যমে সংস্কৃতির ইতিহাসের গুরুত্বপূর্ণ এই উপাদান সম্পর্কে ধারণা তৈরি হবে এবং উত্তর-উপনিবেশবাদী পাঠপ্রক্রিয়ার প্রয়োগ শিখতে পারবে শিক্ষার্থীরা।

**Semester-6**

**BNGUGDS03**

**তুলনামূলক সাহিত্য**

ধ্রুপদী সাহিত্যের সঙ্গে আধুনিক সাহিত্যের তুলনামূলক বিচার এই কোর্সের লক্ষ্য। তুলনামূলক সাহিত্যবিচারের ক্ষেত্রে ভাষান্তর বা কালান্তরের সঙ্গে সঙ্গে বদলে যায় আর্থ-সামাজিক ও সাংস্কৃতিক প্রেক্ষাপট। সংরূপগত পরিবর্তনের সঙ্গে সঙ্গে ঘটে যায় দৃষ্টিভঙ্গির পার্থক্য। এই দিকগুলি সম্পর্কে অবগতির মাধ্যমে শিক্ষার্থীরা একদিকে যেমন লাভ করবে সাহিত্যিক উৎকর্ষের পাঠ, অন্যদিকে বাংলা সাহিত্যের গণ্ডি অতিক্রম করে তারা পাবে বিশ্বসাহিত্যের স্বাদ।

**BNGUGDS04**

**গবেষণাপত্র**

এই কোর্সটিতে স্নাতক স্তরের ছাত্রছাত্রীদের তাদের উপযোগী করে মৌলিক গবেষণার উদ্দেশ্য ও তাৎপর্য, গবেষণার বিভিন্ন রীতিপদ্ধতি, সামগ্রিক কর্ম-পরিকল্পনা, গবেষণাপত্র নির্মাণ, গ্রন্থপঞ্জি নির্মাণ ইত্যাদি সম্পর্কে হাতে-কলমে শিক্ষা দেওয়া হবে। রিসার্চ মেথোডলজি সম্পর্কে তাদের প্রাথমিক ধারণা গড়ে উঠবে ও তার প্রায়োগিক দিক হিসেবে প্রত্যেক শিক্ষার্থী তাদের নির্বাচন করা Discipline Specific Elective (DSE) -এর সঙ্গে সম্পর্কযুক্ত কোনো বিষয় অবলম্বনে ক্ষুদ্র গবেষণা অভিসন্দর্ভ রচনা ও উপস্থাপন করবে। এর মাধ্যমে তাদের গবেষণামূলক মনোভাব উৎসাহিত হবে এবং উপস্থাপন পর্বে প্রশ্নোত্তরে সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে তাদের সংযোগক্ষমতা অনুশীলিত হবে।

**3. Skill Enhancement Courses (SCE)**

**Semester-3**

**BNGUGSE02**

**লিখন ও প্রায়োগিক দক্ষতা**

এই কোর্স ছাত্রছাত্রীদের বিজ্ঞাপন ও প্রতিবেদন রচনা সম্পর্কে ব্যবহারিক জ্ঞান অর্জন করতে সাহায্য করবে, সাক্ষাৎকার গ্রহণ ও লিখন, চিত্রনাট্য রচনা, আখ্যান ও চিত্রনাট্যের সম্পর্ক অনুধাবন এবং কোনো বিষয়কে অবলম্বন করে যুক্তিক্রম রক্ষা করে প্রবন্ধ রচনা অনুশীলনের ক্ষেত্রে সহায়ক হবে।

**Semester-4**

**BNGUGSE02**

**মুদ্রণ ও প্রকাশনা**

মুদ্রণ ও প্রকাশনা শিল্পের গুরুত্ব সম্পর্কে শিক্ষার্থীর সাধারণ ধারণা নির্মিত হবে এই কোর্সের মাধ্যমে। সম্পাদনা ও সংকলন সম্পর্কে ধারণা, পাণ্ডুলিপি প্রস্তুতি, যুক্তাক্ষরের ধারণা, কভার পেজ, টাইটেল পেজ, গ্রন্থপঞ্জি সম্পর্কে ধারণা, বানানবিধি ও প্রুফ সংশোধন প্রভৃতি মুদ্রণশিল্পের সঙ্গে যুক্ত বিষয়গুলি সম্পর্কে প্রত্যক্ষ জ্ঞান অর্জিত হবে। একই সঙ্গে ছাপার প্রযুক্তি, এম এস ওয়ার্ড, পেজ মেকার, কোরেল, ইনডিজাইন সম্পর্কে প্রাথমিক ধারণা তৈরি হবে। শিক্ষার্থীরা হাতে-কলমে কাজ শিখবে।

**4. Ability Enhancement Compulsory Courses (AECC)**

**Semester-2**

**BNGUGAE02**

**বাংলা সাহিত্য ও ভাষা**

আধুনিক ভারতীয় ভাষা হিসেবে বাংলা ভাষা সম্পর্কে প্রাথমিক ধ্যান-ধারণা তৈরিতে সহায়ক হবে এই কোর্সটি। এখানে শিক্ষার্থীরা বাংলা কবিতা, প্রবন্ধ, ছোটোগল্পের নির্বাচিত পাঠের মাধ্যমে সমৃদ্ধ হবে। বাংলা ব্যাকরণের কিছু অংশ ছাত্রছাত্রীদের অত্যাবশক দক্ষতা নির্মাণ করবে।

**5. Generic Elective (GE)**

**Semester-1**

**BNGUGGE01**

**বাংলা সাহিত্যের ইতিহাস**

**Generic Elective**-এর অন্তর্গত এই কোর্সে ছাত্রছাত্রীরা প্রাগাধুনিক বাংলা সাহিত্য, বাংলা গদ্য ও প্রবন্ধ, নাটক, কাব্য-কবিতা সম্পর্কে সম্যক ধারণা লাভ করতে সক্ষম হবে।

**Semester-2**

**BNGUGGE02**

**কবিতা, নাটক ও প্রবন্ধ**

এখানে রবীন্দ্রনাথ ঠাকুর, কাজি নজরুল ইসলাম-এর নির্বাচিত কবিতা, বিজন ভট্টাচার্য-এর নাটক, বুদ্ধদেব বসু, রবীন্দ্রনাথ ঠাকুর, প্রমথ চৌধুরী, হুমায়ুন কবির, আনিসুজ্জামান প্রমুখের প্রবন্ধ নিবন্ধ পাঠ করার মাধ্যমে শিক্ষার্থীরা বাংলা সাহিত্যের বিচিত্রমুখী ঐশ্বর্যের স্বরূপ সম্পর্কে আগ্রহী হয়ে উঠবে ।

**Semester-3**

**BNGUGGE03**

**উপন্যাস ও ছোটোগল্প**

এখানে শিক্ষার্থীরা বাংলা কথাসাহিত্যের ধারায় প্রধান ঔপন্যাসিক ও ছোটোগল্পকারদের অবদান সম্পর্কে জানতে পারবে। রবীন্দ্রনাথ ঠাকুরের ছোটোগল্পের নির্বাচিত পাঠ, শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের একটি উপন্যাস ও বিশ শতকের কয়েকজন ছোটোগল্পকারের নির্বাচিত পাঠের মাধ্যমে তারা তৎকালীন বঙ্গদেশের সামাজিক-সাংস্কৃতিক প্রেক্ষাপট সম্পর্কেও ধারণা লাভ করতে পারবে।

**Semester-4**

**BNGUGGE04**

**ভাষাবিজ্ঞান ও লিখন দক্ষতা**

এই কোর্সের মাধ্যমে শিক্ষার্থীরা বাংলা ভাষার উৎস ও ক্রমবিবর্তন সম্পর্কে প্রাথমিক ধারণা লাভ করতে পারবে। ইংরেজি থেকে বঙ্গানুবাদ, গল্প রচনা, প্রতিবেদন রচনা, প্রবন্ধ রচনা ইত্যাদির মাধ্যমে তাদের লিখনদক্ষতা বৃদ্ধি পাবে।

## Programme Outcomes (PO)

বাংলা বিষয়ে তিন বছরের স্নাতক পাঠক্রম সি বি সি এস পদ্ধতিতে পাঠগ্রহণ করার পর শিক্ষার্থীরা নিম্নলিখিত জ্ঞানমূলক/ দক্ষতামূলক যোগ্যতা অর্জন করতে সমর্থ হবে—

**PO1:** একজন সচেতন শিক্ষার্থী বাংলা ভাষা ও সাহিত্যের কালানুক্রমিক, বিষয়ভিত্তিক ও বিশ্লেষণাত্মক পাঠ লাভ কারার পর চিন্তাশক্তি ও সৃজনশীলতা উভয় দিক থেকে ঋদ্ধ হয়ে উঠবে।

**PO2:** শিক্ষার্থীর বাস্তববোধ, সামাজিক সংযোগক্ষমতা ও বৌদ্ধিক বিকাশ পরিপূর্ণ হয়ে উঠবে।

**PO3:** বাংলা সাহিত্যকে রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক মাত্রায় সংযুক্ত করে বিচার করার প্রবণতা তৈরি হবে। এর ফলে শিক্ষার্থীর সাহিত্যবোধে গভীরতা সৃষ্টি হবে।

**PO4:** বিশ্লেষণাত্মক দৃষ্টিভঙ্গিতে সাহিত্যপাঠ শিক্ষার্থীদের নীতি-নৈতিকতা-মূল্যবোধে পাঠদান করে প্রকারান্তরে রাষ্ট্র গঠনে সুনাগরিক হওয়ার মানসিকতায় উদ্বুদ্ধ করবে।

**PO5:** দক্ষতা প্রবর্ধক পাঠক্রমগুলি শিক্ষার্থীদের ক্ষেত্রে ব্যবহারিক ও অনুশীলনমুখী হয়ে উঠবে।

**PO6:** মৌলিক বিষয় ও সুনির্দিষ্ট ক্ষেত্র অবলম্বনে গবেষণার প্রতি আগ্রহ গড়ে উঠবে।

**PO7:** স্নাতক স্তরের সুপরিকল্পিত এই পাঠক্রম শিক্ষার্থীদের অপরাপর ভাষা ও সংস্কৃতির সাহিত্যের প্রতি আগ্রহী করে তুলবে। ফলে ব্যাপক অর্থে তাদের পাঠ পরিসর বৃদ্ধি পাবে ও চিন্তাচেতনার ব্যাপ্তি ঘটবে।

## Programme Specific Outcomes (PSO)

সি বি সি এস পদ্ধতিতে বাংলা বিষয়ে তিন বছরের স্নাতক পাঠক্রম বাংলা ভাষা ও সাহিত্যকে নিবিড়ভাবে অনুধাবন করতে সাহায্য করবে। বাংলা ভাষা ও সাহিত্যের কালগত পরিবর্তন, সমাজ-সংস্কৃতির পালাবদল, সাহিত্য ও সমাজের পারস্পরিক প্রভাব, বহিরাগত ভাবধারার আপতন এবং অপরাপর সংস্কৃতিতে বাংলা সাহিত্যের প্রভাব, বিষয়-আঙ্গিক-তাত্ত্বিক নানাদিক শিক্ষার্থীর দৃষ্টিভঙ্গিতে আনবে পরিণতমনস্কতা। স্নাতক পাঠক্রম শিক্ষার্থীকে বিভিন্ন সম্ভাবনার দ্বারপ্রান্তে উপনীত করবে, যেমন—

**PSO1:** উচ্চতর শিক্ষালাভে আগ্রহ তৈরি হবে।

**PSO2:** গবেষণামূলক কাজে ছাত্রছাত্রীরা উৎসাহিত হবে।

**PSO3:** বাংলা ছাড়াও তুলনামূলক সাহিত্য, গ্রন্থাগার বিজ্ঞান, শিক্ষাবিজ্ঞান, সাংবাদিকতা ও গণজ্ঞাপন, মানবীবিদ্যা, চলচ্চিত্রবিদ্যা প্রভৃতি আন্তঃসম্পর্কীয় বিষয়ে উচ্চশিক্ষার সম্ভাবনা তৈরি হবে।

**PSO4:** বিদ্যালয়, মহাবিদ্যালয়, বিশ্ববিদ্যালয় ও বিভিন্ন গবেষণাকেন্দ্রে কর্মনিযুক্তির সম্ভাবনা গড়ে উঠবে।

**PSO5:** প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া, প্রকাশনা সংস্থায় কাজের সুযোগ গড়ে উঠবে।

**PSO6:** সরকারি ও বেসরকারি নানান সংস্থার মাধ্যমে অথবা ব্যক্তিগত উদ্যোগে উন্নয়নমূলক সামাজিক কর্মসূচিতে অংশগ্রহণের সম্ভাবনা থাকবে।